



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)

উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর

এডুকেশন

উপজেলাঃপার্বতীপুর,জেলাঃদিনাজপুর



স্মারক নম্বর: ৩৭.২০.২৭৭৭.০০০.২৫.০০৪.১৯.১৯

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৬

০৫ মার্চ ২০২০

বিষয়: ২০১৯-২০ অর্থবছরে উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), ব্যানবেইস, পার্বতীপুর অফিসে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সের (৬ষ্ঠ ব্যাচ) শিক্ষক মনোনয়ন প্রসংগে।

সূত্র: ৩৭.২০.০০০০.০০৫.২৫.০৯১.১৯-২৭৩০ তাং- ০২ মার্চ ২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক প্রতিষ্ঠিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই), ব্যানবেইস, পার্বতীপুর অফিসের UITRCE ল্যাবে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠান থেকে শিক্ষক মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। প্রশিক্ষণ কোর্সটি আগামী ০৮/০৩/২০২০ তারিখ হতে ২৩/০৩/২০২০ তারিখ পর্যন্ত বাস্তবায়ন করা হবে। প্রশিক্ষণের সময়সূচী দুপুর ২.০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬.১৫ ঘটিকা পর্যন্ত। যারা ইতিপূর্বে কখনো আইসিটি বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে নাই শুধুমাত্র তাদেরকে মনোনয়ন দেওয়ার জন্য অনুরোধ করা হল। আইসিটি বিষয়ক শিক্ষকগণ উক্ত প্রশিক্ষণের আওতাভুক্ত নয়। প্রশিক্ষণটি বাধ্যতামূলক। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের নির্ধারিত হারে দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা ব্যবস্থা রয়েছে।

প্রশিক্ষণ কোর্সে যোগদানের শর্তাবলী:-

- ০১। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক ছাড়পত্র।
- ০২। সকল শিক্ষাগত যোগ্যতার ফটোকপি।
- ০৩। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ০৪। ০২ কপি পার্সপোর্ট সাইজের ছবি।
- ০৫। সমস্ত কাগজপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ০৬। মনোনীত প্রশিক্ষণার্থীগণকে প্রতিদিন প্রশিক্ষণের জন্য নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হতে হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার

৫-৩-২০২০

মোঃ শাহনুর আলম

সহকারী প্রোগ্রামার

ফোন: ০৫৩৩৪৭৪৩৩০

ইমেইল:

ap_parbatipur@banbeis.gov.bd

স্মারক নম্বর: ৩৭.২০.২৭৭৭.০০০.২৫.০০৪.১৯.১৯/১(৫)

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৬

০৫ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)

- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)
- ৩) উপজেলা নির্বাহী অফিসার,পার্বতীপুর, দিনাজপুর
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পার্বতীপুর,দিনাজপুর
- ৫) অফিস নথি।



৫-৩-২০২০

মোঃ শাহনুর আলম
সহকারী প্রোগ্রামার